সোনার বাংলা ইলেকট্রিক
মোবাইল- 9002856907
এখানে যাবতীয় ইলেকট্রিক সরঞ্জাম
পাইকারী ও খুচরা পাওয়া যায়
কোর্ট রোর্ড, দিঘীর পাড়, বনগাঁ,
উত্তর ২৪ পরগণা

আমাদের অনলাইন পেজ
আপডেট পেতে স্ক্যান করুন

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Rgn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn No.- Brs/135/2020-2022 ❑ Vol. 5 ❑ Issue 21 ❑ 12 Aug. 2021 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 2

নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
অলঙ্কার
যশোহর রোড • বনগাঁ
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
M : 9733901247

## ফের দলের মিছিলে বেপাত্তা বিধায়ক

সার্বভৌম সমাচার : বিজেপির রাজ্য সভাপতি, কেন্দ্রীয় মন্ত্রীর বৈঠকে অনুপস্থিতির পর এবার বাগদায় দলীয় মিছিলে দেখা গেল না স্থানীয় বিধায়ক বিশ্বজিৎ দাসকে। সোমবার সন্ধ্যায় নির্বাচনের পরবর্তী হিংসা ও ভ্যাকসিন নিয়ে দুর্নীতির প্রতিবাদে বাগদা থানার হেলেঞ্চা বাজারে মশাল হাতে মিছিল করল বিজেপি নেতা কর্মীরা। সেখানে উপস্থিত ছিলেন বনগাঁ উত্তরের বিধায়ক অশোক কীর্তনীয়া, গাইঘাটার বিধায়ক সুব্রত ঠাকুর সহ জেলা নেতারা। বিশ্বজিৎ বাবুর অনুপস্থিতি নিয়ে বিজেপির বনগাঁ সাাংগঠনিক জেলার সভাপতি মনস্পতি দেব বলেন "উনি অসুস্থ তাই আসতে পারিনি।" যদিও এ বিষয়ে বিশ্বজিৎ দাস কোন মন্তব্য করতে চাননি। বাগদার তৃণমূল নেতা তরুণ ঘোষ বলেন "কেবল এদিনই নয়, বিজেপির কোনো কর্মসূচিতে বিধায়ককে দেখা যায় না। তিনি বিজেপিতে আছেন কিনা সেটা নিয়েও সংশয় আছে।" দলীয় কর্মসূচিতে বিধায়কের অনুপস্থিতি নিয়ে ফের দলবদলের গুঞ্জন শুরু হয়েছে রাজনৈতিক মহলে।

## তোলা না পেয়ে অ্যাম্বুলেন্স চালক ও টেকনিশিয়ানকে মারধোরের অভিযোগ

### প্রকাশ্যে সিন্ডিকেট রাজ, নিরুত্তর প্রশাসন

সার্বভৌম সমাচার : অ্যাম্বুলেন্স চালকদের দাদাগিরি বনগাঁ মহাকুমা হাসপাতালে। কলকাতা থেকে রোগী নিতে আসা বেসরকারি অ্যাম্বুলেন্সের চালক ও টেকনিশিয়ানকে মারধরের অভিযোগ উঠল বনগাঁ মহাকুমা হাসপাতালে থাকা অ্যাম্বুল্যান্স চালকদের বিরুদ্ধে।

অভিযোগ, তাদের কাছে টাকা দাবি করে বনগাঁর কয়েকজন চালক। টাকা দিতে অস্বীকার করায় মারধর করে তাদের মোবাইল ভেঙে দেওয়া হয়। এ বিষয়ে থানায় অভিযোগ জানিয়েছেন হাসপাতালে চিকিৎসাধীন থাকা রোগীর পরিবার। রবিবার রাতে ঘটনাটি ঘটেছে বনগাঁ মহাকুমা হাসপাতালে। রোগীর পরিজনেরা জানিয়েছে, বনগাঁ থানার জয়পুরের বাসিন্দা পরিমল মালাকার গুরুতর অসুস্থ অবস্থায় শনিবার বনগাঁ হাসপাতালে ভর্তি হয়েছিলেন। তাঁরা শারীরিক অবস্থার অবনতি হলে চিকিৎকেরা তাকে কলকাতায় রেফার করেন। আই সি ইউ যুক্ত বিশেষ অ্যাম্বুল্যান্সে নিয়ে যাওয়ার কথা বলা হয়। বনগাঁ মহকুমা হাসপাতালে আই সি ইউ যুক্ত অ্যাম্বুলেন্স না থাকায় কলকাতার একটি বেসরকারি নার্সিং হোমের সঙ্গে যোগাযোগ করলে তারাএকটি অ্যাম্বুলেন্স পাঠান। রাতে অ্যাম্বুলেন্সটি বনগাঁ হাসপাতালে আসতেই বনগাঁ হাসপাতালের কয়েকজন চালক ওই অ্যাম্বুলেন্স চালক ও টেকনিশিয়ানকে ডাকে। অভিযোগ "তাদের কাছে টাকা দাবি করে। টাকা না দিতে চাওয়ায় ওই অ্যাম্বুল্যান্সের চালক ও টেকনিশিয়ানকে বেধড়ক চতুর্থ পাতায়...

## এ.টি.এম. এ টাকা না থাকলে, ব্যাংক থেকে জরিমানা নেবে RBI

রিয়া গিরি : খুব শীঘ্রই এ.টি.এম. এ টাকা না থাকার সমস্যার সমাধান করতে চলেছে, ভারতীয় রিজার্ভ ব্যাংক। RBI এর নয়া ঘোষণায় জানা গিয়েছে, এবার থেকে এটিএম এ টাকা না থাকলে বা কম টাকা থাকলে, তার দায় পড়বে ব্যাঙ্কগুলির উপর। এ.টি.এম. পিছু বড় অঙ্কের জরিমানা করতে পারে RBI। এ.টি.এম. গুলির ক্ষেত্রে টাকা না থাকলে দেশের সাধারণ চতুর্থ পাতায়...

## বিয়ের প্রতিশ্রুতি দিয়ে সহবাসের অভিযোগে ধৃত পুলিশ কর্মী, অন্তঃসত্ত্বা নির্যাতিতা

সার্বভৌম সমাচার : বিয়ের প্রতিশ্রুতি দিয়ে নার্সিং ছাত্রীর সঙ্গে সহবাসের অভিযোগে এক পুলিশ কর্মীকে গ্রেফতার করল গোপালনগর থানার পুলিশ। পুলিশ জানিয়েছে, ধৃত পুলিশ কর্মীর নাম উত্তম সরকার। বাড়ি নদীয়া জেলার রানাঘাট থানার হবিবপুর গ্রামে। বর্তমানে সে আসানসোলে রাজ্য পুলিশের ৭ নম্বর ব্যাটেলিয়নে কনস্টেবল পদে কর্মরত। ওই যুবতী অভিযুক্তর বিরুদ্ধে থানায় ধর্ষণের মামলা দায়ের করলে পুলিশ তাকে সোমবার রাতে নদীয়ার নবদ্বীপ থেকে গ্রেপ্তার করে।

পুলিশ ও যুবতির পরিবারের মাধ্যমে জানাগিয়েছে, বছরখানেক আগে ধৃত উত্তমের সঙ্গে ফেসবুকের মাধ্যমে পরিচয় হয় গোপালনগর থানা এলাকার ওই যুবতির। তাঁদের মধ্যে প্রেমের সম্পর্ক তৈরি হয়। এরপরই অভিযুক্ত ওই যুবতীকে নিয়ে বিভিন্ন জায়গায় ঘুরতে যায়।অভিযোগ ওই পুলিশ কর্মী যুবতীকে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে একাধিকবার সহবাস করে। কয়েক মাস আগে যুবতী অন্ত:সত্ত্বা হয়ে পড়ে। এরপরই উত্তমকে যুবতি বিয়ে করার কথা বললে অস্বীকার করে উত্তম । এরপরই যুবতী অভিযুক্তর বাড়িতে গিয়ে চতুর্থ পাতায়...

## জলমগ্ন গাইঘাটার বিডিও অফিস চত্ত্বর; সমস্যায় মানুষজন

নীরেশ ভৌমিক ঃ নিম্নচাপের অঝোর ধারায় জল জমেছে পথে, মাঠে ঘাটে সর্বত্র। কয়েক দিনের বর্ষণে নাজেহাল সাধারণ মানুষজন; ক্ষতিগ্রস্থ কৃষকরা বর্ষার জলে নীচু এলাকা জলমগ্ন। জল জমেছে গাইঘাটা ব্লক কার্যালয়ের কিছু এলাকাতেও। ব্লক কার্য্যালয়ের পেছনের দিকে খাদ্য দপ্তর, পশু চিকিৎসালয়, ভূমি ও ভূমি সংস্কার দপ্তর, রয়েছে গাইঘাটা পূর্বচক্রের অবর বিদ্যালয় পরিদর্শকের কার্য্যালয় সহ অন্যান্য দপ্তর।



ব্লক কার্যালয়ের এই এলাকা থেকে জল নিষ্কাসনের কোন ব্যবস্থা না থাকায় ফি বছর বর্ষার জলে ভাসে এই অঞ্চল। ফলে এই এলাকায় জল জমে থাকে দীর্ঘদিন যাবৎ। বিভিন্ন দপ্তরের আধিকারিক ও কর্মীবৃন্দ সহ সমস্যায় পড়েন দপ্তর গুলিতে বিভিন্ন কাজে আশা সাধারণ মানুষজন।

নোংড়া জমা জল ডিঙ্গিয়ে তাঁদেরকে সরকারি কার্য্যালয়ে ঢুকতে হচ্ছে। ফলে ক্ষুব্ধ ব্লকের বিভিন্ন দপ্তরে নানান কাজে আসা মানুষজন। সকলেই চান সরকারি দফতরে বিভিন্ন প্রয়োজনে আসা মানুষজনের এই জল যন্ত্রনা অতিসত্ত্বর দূর হোক।

## বেআইনিভাবে পুকুর ভরাট

### পৌর প্রশাসকের অভিযোগে গ্রেফতার পুকুর মালিক



সোমনাথ দাস, বনগাঁ : বেআইনিভাবে পুকুর ভরাট করা হচ্ছে এমনই অভিযোগ তুলে পৌর প্রশাসক দ্বারস্থ হনগ্রামবাসীরা। এরপর পৌর প্রশাসকের হস্তক্ষেপে পুকুর মালিকে গ্রেপ্তার করে পুলিশ। ঘটনাটি ঘটেছে, উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁ পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের ঠাকুরপল্লী এলাকায়। জানা গিয়েছে, গ্রামবাসীদের অভিযোগ পেয়ে বনগাঁর পৌর প্রশাসক গোপাল শেঠ বনগাঁ থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। পৌর প্রশাসকের লিখিত অভিযোগ তৃতীয় পাতায়...

Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre,
5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI

## ভ্যাকসিন দুর্নীতির প্রতিবাদে স্বাস্থ্যকেন্দ্রে ডেপুটেশন ব্লক কংগ্রেস নেতৃত্বের

সার্বভৌম সমাচার : করোনা ভ্যাকসিন প্রদান নিয়ে চলছে চরম দুর্নীতি স্বজনপ্রীতি পৌরসভা কার্য্যালয় কলেজ ভবনে নিজস্ব লোকদের ভ্যাকসিন দেওয়ার ব্যবস্থা করছেন, সে কারণে বয়স্ক ব্যক্তিগন সহ সাধারন মানুষজন কেন্দ্রীয় সরকার থেকে পাঠানো ভ্যাকসিন পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে বলে অভিযোগ করেন।

এসবের প্রতিবাদে গত ৯ আগস্ট গাইঘাটা চাঁদপাড়া ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ব্লক মেডিক্যাল অ্যাসোসিয়েশনের নিকট স্মারকলিপি পেশ করেন জাতীয় কংগ্রেস নেতৃবৃন্দ।

এদিনের ডেপুটেশনে দলের বিশিষ্ট নেতৃবৃন্দের মধ্যে ছিলেন দলের গাইঘাটা ব্লক ১ সভাপতি পার্থপ্রতিম রায়,



কার্যকারী সভাপতি মনোতোষ সাহা, কৃষ্ণপদ চক্রবর্তী, তপন দেবনাথ, বিপুল সাহা, সুভাশিস সিংহ, ছিলেন গাইঘাটা ব্লক ২ কমিটির সভাপতি শামসুর রহমান মুফতি, কার্যকারী সভাপতি মিতা সাহা, বর্ষিয়ান নেতৃত্ব অনিল পান্ডে সুকুমার, ব্লক কংগ্রেস নেতৃত্ব পার্থপ্রতিম রায়, মনতোষ সাহা প্রমুখ।

কংগ্রেস নেতা পার্থ বাবু জানান বি এম ও এইচ ডক্টর গায়েন তাদের দাবি গুলি গুরুত্ব সহকারে বিবেচনা করার আশ্বাস দিয়েছেন।

LIC
কর্মসংস্থান
LICI তে এজেন্ট নিয়োগ চলছে
স্টাইপেন্ড- ৫০০০ টাকা তৎসহ কমিশন।
উজ্জ্বল চন্দ (ডেভেলপমেন্ট অফিসার)
যোগাযোগ- ৭৯০৮৬২৯৪৬২ / ৯৯৩২৭২৯০৯৫

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র
সার্বভৌম সমাচার
বর্ষ ০৫ ❐ সংখ্যা ২১ ❐ ১২ আগস্ট, ২০২১ ❐ বৃহস্পতিবার

# বনসৃজন কর্মসূচী সার্থক হোক

প্রতিবছর জুলাই-আগষ্ট মাসে সারা রাজ্যে অরণ্য সপ্তাহ পালন করা হয়ে থাকে। এসময় সপ্তাহ ব্যাপী সরকারি ও বেসরকারি উদ্যোগে গ্রামে ও শহরে বৃক্ষরোপন কর্মসূচী পালিত হয়। পরিবেশকে স্বচ্ছ ও নির্মল রাখতে এবং মানুষ সহ সমস্ত প্রাণী জগতের একান্ত আবশ্যকীয় অক্সিজেন পর্যাপ্ত পরিমানে যোগানের নিমিত্ত বনসৃজনের একান্ত প্রয়োজন। বর্তমানের অতিমারী করোনা পরিস্থিতিতে অক্সিজেনের যথেষ্ট প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সে কারণে দেশের সকল সচেতন মানুষেরই একান্ত কর্তব্য হওয়া উচিত ১টি গাছ কাটার পূর্বে একাধিক গাছের চারা লাগানো। কারণ একটি গাছ আজ আর একটি প্রাণ নয়; একটি গাছ এখন অনেক প্রাণ। তাই পৃথিবীর সমস্ত প্রাণীকুলের জন্য আমাদের সকলের প্রচুর গাছ লাগানো এখান্ত কর্তব্য। কিন্তু শুধু গাছ লাগালেই চলবে না। প্রতিটি বৃক্ষচারাকে পরিচর্যা করে বড় করে তুলতে হবে। মানব শিশুকে যেমন তার মা ও অভিভাবকগণ সযত্নে লালন-পালন করে বড় করে তোলেন, তেমনি বৃক্ষশিশুগুলোকে প্রয়োজনমতো জলদান করে ও আগাছা পরিস্কার করে বড় করে তুলতে হবে। তবেই বৃক্ষরোপণ বা বনসৃজন কর্মসূচী সার্থকতা লাভ করবে। অথচ প্রতিবছর প্রচুর অর্থ ব্যয়ে সরকারি উদ্যোগে লাগানো বৃক্ষচারাগুলি অযত্নে- অবহেলায় প্রাণ হারায়। যা মোটেই কাম্য নয়।

## রবীন্দ্র তিরোধান দিবসে নানা কর্মসূচী সম্মিলনী টিচার্স ট্রেনিং কলেজে

নীরেশ ভৌমিক ঃ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ৮০তম প্রয়াণ দিবস বৃক্ষরোপনসহ নানা অনুষ্ঠানের মধ্যদিয়ে পালন করে কলকাতার মুকুন্দপুরের সম্মিলনী টিচার্স



ট্রেনিং কলেজের শিক্ষক ও শিক্ষার্থীগণ। বিশ্বকবির আদর্শকে সামনে রেখে এলাকার পরিবেশকে স্বচ্ছ ও নির্মল রাখতে কলেজের অধ্যক্ষা দীপান্বিতা দাসগুপ্তের আহ্বানে কলেজের বি.এড ও এম. এড বিভাগের পড়ুয়াগণ নিজ নিজ এলাকায় ও বসতগৃহ অঙ্গণে ফুল-ফল সহ বিভিন্ন বৃক্ষের চারা রোপন করেন।

২২শে শ্রাবণ কবির প্রয়াণ দিবসে কলেজে উপস্থিত শিক্ষক- শিক্ষিকা ও শিক্ষার্থীগণ কবিগুরুর প্রতিকৃতিতে ফুল-মালা অর্পন করে কবির প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন। অতিমারী কোভিড-১৯ আবহে পড়ুয়াগণ নিজ নিজ বাসভবনে থেকেই কবিগুরুর স্মরণানুষ্ঠানে যোগ দেন। ভার্চুয়ালি অনুষ্ঠানে পড়ুয়াগন কথা-কবিতায় ও সংগীতে গঙ্গাজলে গঙ্গা পুজোর মাধ্যমে কবিকে স্মরণ করেন ও শ্রদ্ধা জানান। পরিবেশ ভাবনায় বিশ্বকবি ও রবিঠাকুরের বৃক্ষবন্দনার উপর আলোচনায় অংশ নেন এম. এড প্রথম বর্ষের ছাত্রী স্বাগতা ভৌমিক, শুভঙ্কর দাস, মণিষা রায়, ইস্পিতা প্রমুখ শিক্ষার্থীগণ। অধ্যাপিতা অর্পিতা মাইতি, শম্পা মিশ্র প্রমুখের আন্তরিক প্রয়াসে এবং প্রতিষ্ঠানের সকল শিক্ষক- শিক্ষার্থীগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এবারের রবীন্দ্র তিরোধান দিবস উপলক্ষে অনুষ্ঠিত সমগ্র কর্মসূচী কথায়- কবিতায় সংগীত ও আবৃত্তিতে সার্থকতা লাভ করে।

## নাবিক নাট্যমের রবীন্দ্র তিরোধান দিবস উদ্‌যাপন

সঞ্জিত সাহা ঃ ২২ শ্রাবন রবীন্দ্র কবিগুরু রবীন্দ্র নাথ ঠাকুরের ৮০ তম প্রয়ান দিবসে নানা কর্মসূচীর মধ্য দিয়ে উদ্‌যাপন করে নাটকের শহর গোবরডাঙ্গার অন্যতম নাট্য দল নাবিক নাট্যম এর সদস্যগণ। এদিন সকালেই বিশ্বকবির প্রতিকৃতিতে ফুল মালা অর্পণ করে শ্রদ্ধা জানান সংস্থার ছোট বড় সকল সদস্যগণ। রবি ঠাকুরের জীবন কর্ম নিয়ে মনোজ্ঞ ভাষণ দান করেন বর্ষিয়ান সদস্য সোমনাথ রাহা, উপস্থিত ছিলেন সংস্থার সম্পাদক অনিল কুমার মুখার্জ্জী, নাট্যকর্মী ও অন্যতম সংগঠক প্রদীপ সাহা, শর্মিষ্ঠা সাহা সাঁধুখা, শ্রাবনী সাহা প্রমুখ সাহা। সদস্যগণ কবিগুরুর সংগীত, নৃত্য, কবিতা পাঠ ও আবৃত্তির মধ্য দিয়ে কবিকে স্মরণ করেন ও শ্রদ্ধা জানান। নাট্য নির্দেশক জীবন অধিকারীর পরিচারিলায় অনুষ্ঠিত নাট্য কর্মশালায় সংস্থার ২৪ জন সদস্য অংশ গ্রহন করেন। প্রশিক্ষক হিসাবে জীবন বাবুর ছাড়াও উপস্থিত ছিলেন মছলন্দপুর ইমন মাইম সেন্টারের নির্দেশক বিশিষ্ঠ মুকাভিনেতা ধীরাজ হাওলাদার। নাবিক নাট্যম আয়োজিত এদিনের ৮০ তম রবীন্দ্র প্রয়াণ দিবস নানান অনুষ্ঠানের মধ্য দিয়ে সার্থক হয়ে ওঠে।

## ক্ষুদিরামের প্রয়াণ দিবসে রক্তদান শিবির

নীরেশ ভৌমিক ঃ গত ১১ আগষ্ট ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের শহীর বীর বিপ্লবী শহীর ক্ষুদিরাম বসুর আত্মবলিদান দিবসে এক স্বেচ্ছা রক্তদান শিবিরের আযোজন করে ভারতের কমিউনিষ্ট পার্টির (মার্কসবাদী) গাইঘাটা পূর্ব এশিয়া কমিটি। চাঁদপাড়া বাজারের সিপিআইএম এর দলীয় কার্যালয়ে শহীদ ক্ষুদিরাম প্রতিকৃতিতে ফুল মালা অর্পণের মধ্য দিয়ে শিবিরের উদ্বোধন হয়। উদ্বোধন করেন দলের উত্তর ২৪ পরগণা জেলা কমিটির সম্পাদক মৃনাল চক্রবর্তী।

বনগ্রাম জে আর ঝধর মহাকুমা হাসপাতালের ব্লাড ব্যাঙ্কের চিকিৎসক ডাক্তার গোপাল পোদ্দারের নেতৃত্বে স্বাস্থকর্মীগণ এদিন ৭৬ জন স্বেচ্ছারক্তদাতার রক্ত সংগ্রহ করেন। উদ্যোক্তা ও রক্তদাতাদের অভিনন্দন জানাতে দলের বিশিষ্ঠ নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন দলের জেলা নেতৃত্ব রমেন্দ্র নাথ আঢ্য, প্রবীন দলনেতা কপিল ঘোষ সন্তোষ দাস, সিটু নেতৃত্ব কৃষ্ণ চৌধুরী, শিক্ষক নেতা পান্না চক্রবর্তী, সুশান্ত বিশ্বাস ও দলনেত্রী মিনতী রায় প্রমুখ।

## বনগাঁয় বিজেপির বৈঠকে জয়প্রকাশ

সার্বভৌম সমাচার : বিজেপির স্বাস্থ্য সেবা কর্মসুচী উপলক্ষ্যে স্থানীয় কার্যকর্তাদের নিয়ে বৈঠকে করলেন বিজেপির রাজ্য নেতা জয় প্রকাশ মজুমদার। বুধবার বনগাঁয় সাংগঠনিক জেলার অফিসে অনুষ্ঠিত হয় এই বৈঠক।

বিজেপি সূত্রে জানা গেছে, প্রত্যেকটি বুথেই দুই থেকে তিনজন হেলথ ভলান্টিয়ার তৈরি করা হবে। তাঁদের কাজ হবে বুথে বসবাসকারী নাগরিক ও ভোটারদের করোনা সম্পর্কে অবহিত করা। টিকাকরণের ব্যাপারে তাঁদেরকে জানানো এবং নাগরিকদের সুবিধা অসুবিধায় তাঁদের পাশে থাকা। এইভাবে দল হেলথ ভলান্টিয়ার স্কিম চালু করবে সব বুথে।

তৃণমূলের উদ্দেশ্যে কটাক্ষ করে বিজেপি নেতা জয়প্রকাশ মজুমদার বলেন, রাজ্যে টিকা চুরি চলবে, জাল টিকা চলবে, মানুষকে বিপদে ফেলা চলবে, কিন্তু তারা যেন না বলে বিজেপির হেলথ ভলান্টিয়ার চলবে না। তিনি বলেন, বনগাঁ জেলা সংগঠন খুব শক্তিশালী, বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি মনস্পতি দেবের সঙ্গে সব বিধায়ক, নেতারা কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছেন।

এছাড়া এদিন উপনির্বাচন প্রসঙ্গে তিনি জানান, ১০০ টার বেশি মিউনিসিপ্যালিটির নির্বাচন বছরের পর বছর করাচ্ছেন না সরকার। সেইগুলো যদি করোনার জন্য সম্ভব না হয়, তাহলে এখানকার পার্টি কিভাবে বলছে এখন বাংলায় নির্বাচন করা সম্ভব। আর কবে ভোট করবে বা কি করবে এটা সম্পূর্নই নির্বাচন কমিশনের ব্যাপার।

বিজ্ঞাপনের জন্য
যোগাযোগ করুন-
৯২৩২৬৩৩৮৯৯
৮৯১৮৭৩৬৩৩৫

## করোনা আবহে অসহায় মানুষদের পাশে সেবা ফার্মার্স সমিতি

নবনীতা সাহা : করোনা পরিস্থিতিতে গত বছর থেকেই রুজিরুটি হারানো অসহায়-দুস্থ মানুষজনের পাশে নানাভাবে সাহায্য হাত বাড়িয়ে দিয়েছে জেলার অন্যতম সমাজসেবী সংগঠন গোবরডাঙ্গার সেবা ফার্মার্স সমিতি গত ৯ আগস্ট গাইঘাটা ব্লকের ইছাপুর ২ অঞ্চলের অতিশয় দরিদ্র পরিবারের দুটি বিকলাঙ্গ ছেলেমেয়েকে প্রয়োজনীয় হুইলচেয়ার সেই সঙ্গে কিছু খাদ্য সামগ্রী প্রদান করা হয় এদিনের ত্রাণ প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্চায়েত প্রধান সীমা মন্ডল, ছিলেন সেবা ফার্মার্স



সমিতির সভাপতি হিমাদ্রি গোমস্তা প্রমূখ বিশিষ্টজন। সেই সঙ্গে এদিন সেবা সমিতির কার্যালয়ে স্বল্পমূল্যে চক্ষু পরীক্ষা শিবিরে ২৬ জন চক্ষু রোগী চক্ষু পরীক্ষা করান এদের মধ্যে ১২ জন কে বিনা ব্যয়ে চোখের ছানি অপারেশনের জন্য বাছাই করা হয় সমিতির সভাপতি হিমাদ্রি বাবু জানান চক্ষু রোগীদের বিনামূল্যে ঔষধ পত্র ও চশমা প্রদান করা হয়। প্রতি শনিবার সেবার অন্যতম সেবক অমিত রায়ের পরিচালনায় চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়ে থাকে।

## বিশেষ রচনা

### প্লাস্টিক হয়ে উঠেছিল সভ্যতার আশীর্বাদ- আজ তা সভ্যতার অভিশাপ



অজয় মজুমদার


প্লাস্টিক পরিবেশ দূষণের অন্যতম উৎস। পৃথিবীর বড় বড় শহরের প্রত্যেক আবর্জনার স্তূপের মধ্যে প্লাস্টিকের পরিমাণই বেশি। প্যাকেজিং টেকনোলজির হাত ধরেই প্লাস্টিক ব্যবহার বেড়েছে। সারা দুনিয়াতেই প্লাস্টিক বিশেষ করে একবার ব্যবহৃত হয় এমন প্লাস্টিক পণ্য এক বিশাল সমস্যা। পরিবেশ সংগঠন গ্রিনপিস বলেছে ২০১৫ সালে পৃথিবীতে ৬৩০ কোটি টন



প্লাস্টিক ছড়িয়ে পড়েছিল। এর মাত্র ৯% রিসাইকেল পুনর্নবায়ন হয়েছে। বাকি সব প্লাস্টিক হয় পুড়িয়ে ফেলা হয়েছে - বা ফেলে দেওয়া হয়েছে। যুক্তরাষ্ট্রসহ বেশকিছু উন্নত দেশ বিপুল পরিমাণ প্লাস্টিক বর্জ্য রিসাইক্লিং এর জন্য পাঠিয়ে দিচ্ছে এশিয়ার কিছু দেশে।

সব প্লাস্টিক কিন্তু রিসাইকল করা যায় না। এটা শতশত বছর টিকে থাকে। এক ধরনের প্লাস্টিক আছে যাকে বলে পি ই টি বা পলি ইথাইলিন টেরেপথ্যালেট। যা ব্যবহার করা হয় নানা ধরনের পানীয়ের বোতল তৈরির জন্য। এগুলি সহজে নষ্ট হয় না।

মিজ জেনকিনস নামে এক গবেষক অন্য এক বিষয়ে গবেষণা করতে গিয়ে হঠাৎ একটি ছত্রাক আবিষ্কার করে



ফেললেন ও যে ছত্রাক প্লাস্টিক খায়। এ বিষয়টি প্রথম জানান. বিবিসি-র প্রযুক্তিবিষয়ক রিপোর্টার এমা উলাকট। মিজ জেনকিনস তার আবিস্কৃত ফাংগাসটি পি ই টি আর পলিইউরিথেনের উপর পরীক্ষা করে দেখেছেন।

তিনি দেখলেন বায়ুরোধী করার জন্য প্লাস্টিক স্পঞ্জ দেয়া ছিল। ফাংগাস গুলি সেটাকে ক্ষয় ধরিয়েছে। শুধু তাইই নয় অন্য যে কোন খাবারের মতই সেটাকে হজম করে ফেলেছে ও জেনকিনসের এ প্রকল্পের লক্ষ্য ছিল জৈব ভিত্তিক পদার্থকে ইনসুলেশন প্যানেল তৈরিতে কী ভাবে ব্যবহার করা যায় সেটা পরীক্ষা করা। কিন্তু প্লাস্টিক খেকো ক্ষুধার্ত ফাংগাস, তাদের গবেষণাকে নিয়ে গেল অন্যদিকে। এগুলি আরো কিছু বিজ্ঞানী কাজ করে সাফল্য পেয়েছেন ও এডিনবারা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা সম্প্রতি ই- কোলাই নামের এক ধরনের ব্যাকটেরিয়ার ল্যাবরেটারিতে তৈরি সংস্করণ ব্যবহার করেছেন ও টেরেপ থ্যালিক অ্যাসিডকে ভেঙে ভ্যানিলিন তৈরিব কাজে যা খাবারের সুগন্ধি হিসাবে ব্যবহৃত হয়। এই টেরেপথ্যালিক অ্যাসিড হচ্ছে পি ই টি থেকে পাওয়া একটি অণু। এডিনবরা বিশ্ববিদ্যালয় স্কুল অফ বায়োলজিক্যাল সাইন্স এর ড: জোয়ানা স্যান্ডলার বলেছেন - "আমাদের পরীক্ষা-নিরীক্ষা এখনো প্রাথমিক স্তরে। এই প্রক্রিয়াটিকে আরো কার্যকর ও অর্থনৈতিকভাবে লাভজনক করার জন্য আরো কাজ করতে হবে।

অন্যদিকে জার্মানির লাইপজিগে হেলমহোল্টৎস সেন্টার ফর এনভারমেন্টাল রিসার্চ-এর একটি দল আরেকটি গবেষণায় উল্লেখযোগ্য অগ্রগতি ঘটিয়েছে। এই দলটি সিউডোমোনাস এস পি টি ডি এ-ওয়ান নামে এক ধরনের ব্যাকটেরিয়াকে পলিইউরিথেন ভাঙার জন্য ব্যবহার করেছে। -স্থানীয় একটি আবর্জনা ফেলার জায়গায় এই ব্যাকটিরিয়াটি পাওয়া গিয়েছিল।

দেখা গেছিল ব্যাকটিরিয়া প্লাস্টিকের কিছু অংশ খেয়ে ফেলেছে, আর বাকি অংশ কার্বন-ডাই-অক্সাইড হিসাবে বাতাসে মিশে যাচ্ছে। সিউডোমোনাস - তার এনজাইম ব্যবহার করে পলিইউরিথেনকে ভেঙে ফেলে। এছাড়া অন্য আরো কিছু ক্ষুদ্র অনুজীব আছে যারা প্লাস্টিক খায়। লাইপোজিগের, গবেষক দলটি এই ব্যাকটেরিয়ার জিনোম বিশ্লেষণ করেছে। যাতে এইসব এনজাইমের জেনেটিক গঠন বের করা যায়।

যদি প্লাস্টিক দূষণের হাত থেকে পৃথিবীকে বাঁচাতে যায়। তাহলে আগামী দিনে সজীব এর বাসস্থান পৃথিবীতেই সম্ভব হবে। প্লাস্টিক ছিল মানব সভ্যতার দিশারী। আজ সেই প্লাস্টিকের হাত ধরেই সভ্যতা ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছে ।সেই সন্ধিক্ষণে প্লাস্টিক থেকো ছত্রাক আবিষ্কার নতুন দিগন্ত উন্মোচনের উৎস বৈকি।

# বিজেপি মহিলা মোর্চার এস.পি অফিস ঘেরাও; ধুন্দুমার

সার্বভৌম সমাচার : রাজ্যজুড়ে নারী নির্যাতনের প্রতিবাদে বৃহস্পতিবার দুপুর ১২টায় বনগাঁ এসপি অফিস ঘেরাও করে বিক্ষোভ দেখাল বনগাঁ বিজেপি সাংগঠনিক মহিলা মোর্চার কর্মীরা। কিছুক্ষণ অবস্থান-বিক্ষোভ চলার পরে পুলিশের পক্ষ থেকে তাদেরকে আটক করতে গেলে শুরু হয় ধস্তাধস্তি। পুলিশ গাড়িতে বিজেপি কর্মীদের তোলা নিয়ে উত্তেজনা ছড়ায়।



এই বিষয়ে বনগাঁ বিজেপির সাংগঠনিক জেলার সভাপতি মনস্পতি দেব অভিযোগ করেন, শান্তিপূর্ণ অবস্থান বিক্ষোভ এর উপরে পুলিশ অত্যাচার চালিয়েছে, মারধর করা হয়েছে বিজেপি কর্মীদের। পুলিশ সূত্রে খবর, এই ঘটনায় ১৩ জন বিজেপি কর্মীদেরকে গ্রেফতার করা হয়েছে ।

এরপর গ্রেপ্তার হওয়া কর্মীদের জামিনের দাবীতে বনগাঁ থানার সামনেও বিক্ষোভ দেখায় বিজেপির কর্মী সমর্থকরা। বিক্ষোভকারিদের দাবী, সারা রাজ্যে মহিলাদের উপর নির্মম নির্যাতন চলছে, আমাদের মুখ্যমন্ত্রী একজন মহিলা হয়েও তিনি সব কিছু মুখ বুজে আছেন। আমরা তারই প্রতিবাদে এই বিক্ষোভ কর্মসূচি করছি।

# পৌর প্রশাসকের অভিযোগে গ্রেফতার পুকুর মালিক

প্রথম পাতার পর

পেয়েই পুকুর মালিক স্বপন দাস কে গ্রেপ্তার করে বনগাঁ থানার পুলিশ। এলাকার সাধারণ মানুষের দাবি, ওই এলাকার বৃষ্টির জল ওই পুকুরে যায়। পুকুর ভরাট হলে এলাকায় জল নিকাশি ব্যবস্থা ভেঙ্গে পড়বে এবং অনুমতি না নিয়েই পুকুর ভরাটের কাজ চলছিল। আগামীতে যাতে পুকুর ভরাট না হয় তার আবেদনও জানিয়েছেন তারা। এই বিষয়ে স্থানীয় বনগাঁ পৌরসভার ১০ নম্বর ওয়ার্ডের প্রাক্তন কাউন্সিলর দীপেন্দু বিকাশ বৈরাগী জানিয়েছে, এটা একটি শতাব্দী প্রাচীন পুকুর পৌরসভা ব্যবস্থা নিয়েছে আমরা সাধুবাদ জানাই। এবিষয়ে বনগাঁ পৌরসভার প্রশাসক গোপাল শেঠ জানিয়েছেন, বেআইনিভাবে পুকুর ভরাট চলছিল, সাধারণ মানুষ আমার কাছে অভিযোগ জানিয়েছে। রাজ্য সরকারের নির্দেশ মত আমি প্রশাসনের কাছে অভিযোগ জানাই। প্রশাসন তার বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে। বনগাঁ পৌর এলাকার বাসিন্দাদের কাছে এই দিয়ে আমরা একটা বার্তা দিতে চাইছি যাতে বেআইনিভাবে কেউ পুকুর ভরাট না করে।

# চলন্তিকার স্পোকেন ইংলিশ প্রশিক্ষণ কর্মসূচী উদ্বোধন

নীরেশ ভৌমিক : এলাকার আর্থিক ভাবে পিছিয়ে পড়া পরিবারের ছাত্র-ছাত্রী ও বেকার যুবক-যুবতীদের জন্য কর্ম, শিক্ষা-সংস্কৃতি, স্বাস্থ্য ও বৃত্তি শিক্ষা প্রসারে উদ্যোগী হয়েছে বৃহত্তর ঠাকুরনগর এলাকার বিভিন্ন বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রাক্তণ শিক্ষার্থীসহ ঠাকুরনগরের ঐতিহ্যবাহী চলন্তিকা শিক্ষা ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সদস্যগণ। এলাকার প্রতিষ্ঠিত প্রাক্তণ শিক্ষার্থী ও চলন্তিকার সদস্যগণের যৌথ উদ্যোগে গত ৭ আগস্ট চলন্তিকার অভিনাশ কাজল লতা মঞ্চে এই কর্মসূচির শুভ সুচনা হয় অন্যতম সংগঠক ও শিক্ষক সুশান্ত বিশ্বাস জানান ঠাকুরনগর হাই স্কুল অসীম বালা ও চলন্তিকা প্রতিষ্ঠানের সম্পাদক বিশিষ্ট সমাজকর্মী সজল বাইন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্টজনদের মধ্যে ছিলেন ঠাকুরনগর পি আর ঠাকুর গভর্মেন্ট কলেজ এর বিশিষ্ট অধ্যাপক ডক্টর চিত্ত সেন, প্রামানিক, বিশিষ্ট শিক্ষক ও সমাজকর্মী সুশান্ত বিশ্বাস, গোবিন্দ দত্ত, অবসরপ্রাপ্ত শিক্ষক অনুপম দে, বিজিত কান্তি মন্ডল প্রমূখ।

বিশিষ্ট সংগীত শিল্পী সীমা দাস এর কন্ঠে দেশাত্মবোধক সংগীতের মধ্য দিয়ে উদ্বোধনী অনুষ্ঠানের সূচনা হয়। স্বাগত ভাষণে চলন্তিকার সম্পাদক শিক্ষার প্রসার ও বেকার সমস্যা সমাধানে এই



প্রাক্তনী ডঃ কেশব বড়ই, বরুণ মিস্ত্রি, অসীম ঘোষাল ও ডক্টর সুভাসিশ বিশ্বাস প্রমুখ প্রতিষ্ঠা ব্যক্তিবর্গ বিনা পারিশ্রমিকে প্রশিক্ষণ দেবেন। এদিন মধ্যাহ্নে চলন্তিকা অঙ্গনে জাতীয় ও সংগঠনের পতাকা উত্তোলন করে আয়োজিত কর্মসূচির সূচনা করেন প্রাক্তণ সাংসদ ও অধ্যাপক ডক্টর অনলাইনে স্পোকেন ইংলিশ কর্মসূচির গুরুত্ব ও প্রয়োজনীয়তা তুলে ধরেন। উপস্থিত বিশিষ্ট ব্যক্তিবর্গ তাদের বক্তব্যে উচ্চপদে চাকরি পেতে ইংরেজি শিক্ষার প্রসারে চলন্তিকা এলাকার প্রতিষ্ঠার শিক্ষার্থীদের এই মহতী উদ্যোগকে সাধুবাদ জানান।

# ইছামতী নদী থেকে উদ্ধার যুবকের মৃতদেহ

সায়ন ঘোষ : বনগাঁয় ইছামতী নদী থেকে উদ্ধার অজ্ঞাত পরিচয় এক ব্যক্তির মৃতদেহ। বৃহস্পতিবার সকালে উত্তর ২৪ পরগণা জেলার বনগাঁর বনগাঁ থানা সংলগ্ন ইছামতী ঘাটের কাছ থেকে মৃতদেহটি উদ্ধার করেন বনগাঁ থানার পুলিশ। স্থানীয় পুলিশ সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার সকালে এক ব্যক্তি বনগাঁ থানার ইছামতীর ঘাটের কাছে ফুল তুলতে এসে নদীতে একজন মানুষের দেহ ভাসতে দেখেন। সন্দেহ হতেই তিনি প্রতিবেশীদের ডেকে নিয়ে আসেন। প্রতিমা বিসর্জন দিতে আসা কিছু ব্যাক্তি এসে ঘাটে নেমে দেহের কাছে গিয়ে দেখেন, ভাসমান দেহটি একজন যুবকের। সাথে সাথেই স্থানীয়রা বনগাঁ থানার পুলিশকে খবর দেন।পুলিশ এসে মৃতদেহটিকে উদ্ধার করে ময়না তদন্তের জন্য বনগাঁ হাসপাতালে পাঠায়। এখনও পর্যন্ত মৃত যুবকের পরিচয় জানা যায়নি বলে জানিয়েছেন পুলিশ।

# দত্তপুকুর দৃষ্টি নাট্য সংস্থার রবীন্দ্র প্রণাম

নীরেশ ভৌমিক : গত ২২ শে শ্রাবণ কোন ও রকম পূর্ব প্রস্তুতি ছাড়াই কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ৮০ তম প্রয়াণ দিবসে কবি প্রণাম সম্পন্ন করেন দত্তপুকুর এর অন্যতম দৃষ্টি নাট্য সংস্থার সদস্যগণ। এদিন সংস্থার সাংস্কৃতিক কর্মীগণ কবিগুরুর প্রতিকৃতিতে ফুল মালা অর্পণ করে কবির প্রতি শ্রদ্ধা জানান। উপস্থিত সকলে সংগীত নৃত্য আলোচনা এবং কবিতা আবৃত্তির মধ্য দিয়ে কবিকে স্মরণ করে ও শ্রদ্ধা জানান। সংস্থার সম্পাদক বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব বুদ্ধদেব ভট্টাচার্য জানান, করোনা আবহে এদিন করো না বিধি মেনে কবি প্রণাম অনুষ্ঠান সম্পন্ন হয়। বুদ্ধদেববাবু আরও জানান, বিগত বছরের ন্যায় এবারও আগামী ১৫ আগস্ট জাতির ৭৫তম




স্বাধীনতা দিবসে সংস্থার উদ্যোগে স্যালুট ডে উদযাপন করা হবে। দত্তপুকুর এর বুলবুল কমিটি সেন্টার এদিন বিভিন্ন জেলা থেকে আগত সাংস্কৃতিক সংস্থা ও নাট্যদলের কর্মীগণ সারাদিনব্যাপী তাদের অনুষ্ঠান পরিবেশন করবেন।

# প্রাক্তণ সৈনিক নিতাই বিশ্বাস প্রয়াত

নীরেশ ভৌমিক ঃ চাঁদপাড়ায় ঢাকুরিয়া কালীবাড়ির বাসিন্দা প্রাক্তণ সেনাকর্মী নিতাই পদ বিশ্বাস গত ৯ আগষ্ট সকালে শেষ নিঃস্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে বয়স হয়েছিল ৭৯। প্রয়াত নিতাই বাবু প্রাক্তণ সৈনিক সংগঠনের গাইঘাটা ব্লক শাখার সক্রিয় সদস্য ছিলেন। শেষ জীবনে তিনি আধ্যাত্মিক জীবনে মগ্ন ছিলেন। নিতাই বাবুর পুত্র সিন্টু বিশ্বাস জানান, বাবা বিগত কিছু দিন যাবৎ শারীরিক অসুস্থ ছিলেন। এদিন সকালে ধর্মপ্রাণ নিতাই বাবুর মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়তেই এলাকায় শোকের ছায়া নেমে আসে বহু মানুষ তাঁকে শেষ দেখা দেখতে আসেন। মধ্যাহ্নে বহু মানুষের উপস্থিতিতে গাইঘাটার যমুনাতীরে মহাশ্মশানে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।




তান্ত্রিক জ্যোতিষ সম্রাট চণ্ডীরত্ন গীতাভারতী, স্বর্ণপদক প্রাপ্ত
এস এস আচার্য / এস এস চ্যাটার্জী
ব্যবসা, চাকুরী, বিবাহ, বিদেশযাত্রা, গ্রহদোষ, বাস্তদোষ, প্রতিকারসহ শ্রাদ্ধ-শান্তি, উপনয়ণ এবং প্রায়শ্চিত্ত করা হয়।

পুরোহিত শুভজিৎ আচার্য
চাঁদপাড়া ১নং রেলবাজার, ঢাকুরিয়া কালীবাড়ি, ২৪ পরঃ (উঃ)
মোঃ ৯৩৩২২৩৬১১৫/৯৭৩৪৩৭৮৯০৩/৮৩৭১০৪৬৪৯৭

# ডেঙ্গির আশঙ্কা; শঙ্কিত

সার্বভৌম সমাচার ঃ রাজ্যে বিধানসভা নির্বাচন সম্পন্ন হয়েছে মাস চারেক আগে। নির্বাচনের প্রাক্কালে নির্বাচনের কাজে আসা কেন্দ্রীয় জওয়ানদের বিভিন্ন স্কুলে থাকার ব্যবস্থা করতে হয়। তাঁদের জন্য অস্থায়ীভাবে তৈরী করা হয় শৌচালয় এবং স্নান ও শৌচালয় ব্যবহারের জন্য জলের চৌবাচ্চা। নির্বাচন পর্ব শেষ ও ফল ঘোষনার তিন মাস অতিক্রান্ত। কিন্তু অদ্যাবধি সেই চৌবাচ্চাগুলি সেভাবেই রয়েছে। বর্ষায় সেখানে জল জমে রয়েছে। সেই জমা জল এখড় মশার আঁতুর ঘর হয়ে উঠেছে। শৌচালয়ের স্থানগুলো জঙ্গল আগাছায় পরিপূর্ণ। এমনই এক দৃশ্য চোখে পড়ল চাঁদপাড়ার ঢাকুরিয়া হাই স্কুলের অঙ্গনে। জমা জল এ জঙ্গল-আগাছার কারণে বিদ্যালয় সংলগ্ন পাড়ার বাসিন্দাগণ চিন্তিত। মাঠের পাশের বাসিন্দা শিক্ষক বাসুদের বিশ্বাস জানান, এই জমা দলে ডেঙ্গি মশার জন্ম হবার সম্ভাবনা রয়েছে। আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছি। অথচ কর্তৃপক্ষের কোন ভ্রুক্ষেপ নেই। অন্যান্য বছর নির্বাচন পর্ব মেটার পর পরই এখনও পর্যন্ত তা না হওয়ায় চিন্তিত এলাকার মানুষজন প্রশাসনের দিকে তাকিয়ে রয়েছেন।

# ইমন ও মনীষার ক্ষুদিরাম স্মরণ

নবনীতা সাহা ঃ গত ১১ আগষ্ট শহীদ ক্ষুদিরাম বোসের আত্যোৎস্বর্গের দিনে শহীদ স্মরণে আয়োজন করে মছলন্দপুরের ঐতীহ্যবাহী সাংস্কৃতিক সংস্থা মনীষা ও ইমন মাইম সেন্টারের সদস্যবৃন্দ। এদিন শহীদ স্মরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠক ধীরাজ হাওলাদার, দেবব্রত বিশ্বাস ও প্রবীন সাংবাদিক সঞ্জিত সাহা প্রমুখ বিশিষ্ঠজন।




UTIITSL দ্বারা অনুমোদিত
uti UTI Infrastructure Technology And Services Limited
প্যান সার্ভিস সেন্টার
স্বল্প খরচে মাত্র ৭দিনেই প্যান কার্ড পান
Digital Signature
Authorised by Emudra
emudhra Trust Delivered
এখানে ডিজিট্যাল সিগ্‌নেচার এর জন্য যোগাযোগ করুন
আশীর্বাদ ডিটিপি এণ্ড জেরক্স
কোর্ট রোড, বনগাঁ, উত্তর ২৪ পরগণা ☎ ৯২৩২৬৩৩৮৯৯

# ২০২৮ অলিম্পিকসে আই.সি.সি. এর প্রস্তুতি

ঈশিতা সাহা : একবারই ১৯০০ সালে অলিম্পিকসের আসরে ক্রিকেট আয়োজিত হয়েছিল। খেলে ছিল মাত্র দুটি দেশ, গ্রেট ব্রিটেন ও আয়োজক ফ্রান্স। তারপর থেকে 'দ্যা গ্রেটেস্ট শো অন দা আর্থ' - এর সভা থেকে বিরত থেকেছে ক্রিকেট। তবে এবারে টোকিও অলিম্পিক শেষ হওয়ার পরেই ক্রিকেটের অন্তর্ভুক্তির জন্য বিড করা হবে বলে জানিয়ে দিলো আইসিসি।

আইসিসির এই চূড়ান্ত উদ্যোগে ৯০ শতাংশ সমর্থন জানিয়েছে ক্রিকেটপ্রেমীরা। সূত্রে খবর, ২০২৮ লস অ্যাঞ্জেলস অলিম্পিকসে ক্রিকেট চালু করার জন্য আইওসি-র কাছে আবেদন করতে পারে আইসিসি।

অলিম্পিকসে ক্রিকেট অন্তর্ভুক্তির উদ্যোগ আগেও নিয়েছিল আইসিসি। তবে এবারে সেই উদ্যোগ জোরালো হয়েছে বিবিসিআই -এর সমর্থনে। অবশ্য বোর্ড সভাপতি সৌরভ গাঙ্গুলী কিংবা সবচেয়ে ধনী বোর্ডের সচিব জয় শাহ শুরু থেকেই অলিম্পিকসের ইভেন্টে ক্রিকেটকে অন্তর্ভুক্ত করার পক্ষের পরিষ্কার মতামত দিয়েছেন।



আইসিসি চেয়ারম্যান গ্রেক বার্কলে বিবৃতিতে জানিয়েছেন, "আমরা ঐক্যবদ্ধ। ক্রিকেটের ভবিষ্যৎ এর একটা অংশ হিসাবে দেখতে চাই অলিম্পিকসকে। গোটা বিশ্বে আমাদের সমর্থক ১০০ কোটিরও বেশি। তাদের মধ্যে ৯০ শতাংশ চায় অলিম্পিকসে অন্তর্ভুক্ত হোক ক্রিকেট।"

# সহবাসের অভিযোগে ধৃত পুলিশ কর্মী, অন্তঃসত্ত্বা নির্যাতিতা

প্রথম পাতার পর

তার বাবা-মাকে ঘটনার কথা খুলে বলে। তাতে কোনো ফল না হওয়ায় গত ২২ মার্চ উত্তমের বিরুদ্ধে গোপালনগর থানায় ধর্ষণের অভিযোগ দায়ের করেছিল যুবতী। ঘটনার তদন্তে নামে পুলিশ।

অভিযোগের খবর পেয়ে কর্মস্থল থেকে ছুটি নিয়ে পালিয়ে যায় উত্তম। প্রায় তিন মাস পর্যন্ত বিভিন্ন জায়গায় গা-ঢাকা দিয়ে ছিল। সোমবার রাতে সূত্র মার্ফত খবর পেয়ে নদীয়ার নবদ্বীপ থেকে অভিযুক্ত পুলিশ কর্মীকে গ্রেফতার করে পুলিশ। মঙ্গলবার তাকে ১০ দিনের পুলিশ হেফাজতের আবেদন করে বনগাঁ মহকুমা আদালতে তোলা হয়।



যদিও উত্তমের বাবার নিধির সরকারের দাবি, "তাঁর ছেলে খুব নিরীহ। এ বিষয়ে সে কিছুই জানেনা। যেহেতু ছেলে পুলিশের চাকরি করে তাই তাকে ফাঁসানো হয়েছে। মেয়েটির ডিএনএ টেস্ট করা হোক। যদি আমাদের বাচ্চা হয় তাহলে আমরা মেনে নেব।" বনগাঁ আদালতের সরকারি আইনজীবী সমির দাস বলেন, "আদালত ডিএনএ পরীক্ষার আবেদন মঞ্জুর করেছেন। পাশাপাশি অভিযুক্তকে পাঁচ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত।"

# ইস্তফা খালেকের



সার্বভৌম সমাচার : বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলার মাইনোরিটি মোর্চার সভাপতি পদত্যাগ করলেন। খালেক বিশ্বাস নামে ওই ব্যক্তি শনিবার বনগাঁ জেলা সভাপতির মনস্পতি দেবের কাছে হোয়াটসঅ্যাপ এবং ইমেলের মাধ্যমে পদত্যাগ পত্র পাঠিয়েছেন।

খালেক বলেন "বিজেপির বর্তমান নীতি অমার ভাল লাগছেনা।পদে থাকলেও আমাকে দলের কোন কাজে লাগানো হচ্ছেনা। তাই আমি পদত্যাগ করলাম। "যদিও জেলা সভাপতি জানিয়েছেন তিনি এই ধরনের কোনো পদত্যাগপত্র পাননি। পেলে সেই মতো ব্যবস্থা নেওয়া হবে।


২০১৯ সালে তৃণমূল ছেরে বিজেপিতে যোগ দিয়েছিলেন খালেক বিশ্বাস। ২০২১ বিধানসভা ভোটের আগে তাকে বনগাঁ সাংগঠনিক জেলার সংখ্যালঘু মোর্চার সভাপতি করা হয়। উত্তর ২৪ পরগনা জেলা তৃণমূল কংগ্রেসের কো-অর্ডিনেটর গোপাল শেঠ বলেন,"এটা নতুন কিছু নয়। সারা রাজ্য জুড়ে বিজেপিতে আর কেউ থাকতে চাইছে না।

প্রসঙ্গত, সম্প্রতি দলের উপর ক্ষোভ জানিয়ে ত্যাগ করেছিলেন বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলা সাধারণ সম্পাদক তপন সিনহা। পরবর্তীতে তিনি তৃণমূলে যোগদান করেছিলেন।

# মারধোরের অভিযোগ

প্রথমপাতার পর...

মারধর করে টেকনিশিয়ানের মোবাইল ফোন ভেঙে দেয়। খবর পেয়ে রোগীর পরিজনেরা এসে পরিস্থিতি সামাল দেয়। রাতেই রুগীর পরিজনেরা বনগাঁ থানায় মারধরের অভিযোগ দায়ের করেন। রোগীর ছেলে পবিত্র মালাকার বলেন, বনগাঁয় আইসিইউ যুক্ত অ্যাম্বুল্যান্স না থাকায় কোলকাতা থেকে আমরা একটা অ্যাম্বুলেন্স ডাকি। বনগাঁর চালকেরা তাদের কাছে টাকা দাবি করে। টাকা দিতে অস্বীকার করলে মদ্যপ অবস্থায় তাদের মারধর করে কয়েকজন চালক



ঘটনার খবর জানাজানি হতেই চাঞ্চল্য ছড়ায় বনগাঁ মহকুমা হাসপাতাল চত্বরে। ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন বনগাঁ অ্যাম্বুল্যান্স সংগঠনের সভাপতি প্রসেনজিৎ ঘোষ। অভিযুক্ত অ্যাম্বুলেন্স চালক সঞ্জীব দাসকে ইউনিয়নের পক্ষ থেকে বরখাস্ত করেন তারা। হাসপাতাল সুপার শংকর প্রসাদ মাহাতো বলেন "আমাদের হাসপাতালে কোন সরকারি অ্যাম্বুল্যান্স নেই। রোগী রেফার হলে তাদের পরিজনেরা পছন্দ মতো অ্যাম্বুল্যান্স নিয়ে আসতেই পারেন। এই ধরণের ঘটনা অবশ্যই নিন্দনীয়। হাসপাতালে আসা বিভিন্ন রোগীর পরিজনেরা জানিয়েছেন, বনগাঁ মহাকুমা হাসপাতাল সহ রাজ্যের বেশিরভাগ হাসপাতালেই বেসরকারি অ্যাম্বুলেন্স চালকদের সিন্ডিকেট রয়েছে। কোন রোগী রেফার হলে তাদের কাছ থেকেই অ্যাম্বুলেন্স নিতে হয়। অভিযোগ বাইরে থেকে এম্বুল্যান্স আনা হলে হাসপাতাল থেকে রোগী নিয়ে যেতে সমস্যা করে সিন্ডিকেটের চালকেরা। তারা বেশি টাকা দাবি করলেও সমস্যা এড়াতে সিন্ডিকেটের গাড়ি নিতে হয় রোগীর পরিজনদের। না নিলে সিন্ডিকেটের চালকেরা ভয় দেখিয়ে দাদাগিরি করে রোগীর আত্মীয় পরিজনদের সঙ্গে।

# জরিমানা নেবে RBI

প্রথমপাতার পর...

নাগরিকদের অনেক সময় প্রবল সমস্যা তৈরি করে থাকে, যা ব্যাংক কর্তৃপক্ষের নজর দেওয়া অত্যন্ত জরুরী। এ.টি.এম. এর করুণ অবস্থা হলে, সাধারণ মানুষকে যে দুর্ভোগের মধ্যে যেতে হয়। তাই এবার শেষ করাই উদ্দেশ্য হবে ব্যাংকের। সাধারণত এ.টি.এম. এর ব্যবস্থা ও টাকা সংক্রান্ত ক্ষেত্রে সঠিক নিয়ম ধার্য করার উদ্দেশ্যে তৈরি করতে এই পদক্ষেপ গুলি নিয়েছে RBI। RBI এর বক্তব্য, WLOA এর জন্য ক্যাশ অপারেশনের দায়িত্বে থাকা ব্যাংক গুলি, RBI ক্যাশ আউটের জন্য নির্দিষ্ট স্টেটমেন্ট জারি করতে পারবে।


নিউ পি.সি. জুয়েলার্স
BIS-916
যশোর রোড, বাটার মোড় (বনশ্রী সিনেমা হলের সামনে), বনগাঁ।
ও
নিউ পি.সি. জুয়েলার্স ব্রাঞ্চ
লোকনাথ মার্কেট (দ্বিতলে), যশোহর রোড, কুমুদিনী স্কুলের বিপরীতে
এখানে G Pay পে Paytm ছাড়াও আরও অন্যান্য অ্যাপ এর মাধ্যমে পেমেন্ট নেওয়ার সুবিধা আছে।
আমাদের এখানে পুরাতন সোনা ক্রয় করা হয় *(শর্ত সাপেক্ষ)
নিউ পি.সি. জুয়েলার্স এই প্রথমবার বনগাঁতে সর্ব-ধর্ম সম্প্রদায়ের মানুষের জন্য নিয়ে এসেছে ২০০/-টাকা থেকে রুপোর ও ২,৫০০/-টাকাতে সোনার আকর্ষণীয় উপহার যা দিয়ে আপনি আপনার আপনজনকে খুশীও করতে পারবেন এবং তার পরিবর্তে মূল্যও আছে। প্রতিটি ক্রয়ের সঙ্গে থাকছে নির্দিষ্ট বোনাস পয়েন্ট, যার বিনিময়ে বছর শেষে পাবেন পছন্দের গহনা।
কর্মখালি
বনগাঁতে নিউ পি.সি. জুয়েলার্স-এর Show Room-এর জন্য সুদক্ষ ও ২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন সোনা, রুপো, হীরে ও গ্রহরত্নের Salesman, এবং সুদক্ষ কারিগররাও যোগাযোগ করুন। আগ্রহীরা যোগাযোগ করুন নিজের ID Proof ও Biodata (1copy ছবি) সহ। সোমবার থেকে শুক্রবার দুপুর ১২টা থেকে বিকাল ৫টার মধ্যে যোগাযোগ করুন উল্লিখিত ঠিকানাতে। অথবা 8250337934 নম্বরে WhatsApp করেও আপনাদের Biodata পাঠিয়ে দিতে পারেন।
আমাদের জ্যোতিষ বিভাগ ঃ সোম, বুধ ও শুক্রবার প্রখ্যাত জ্যোতিষী সুদীপ আচার্য-এর সাক্ষাতের জন্য অগ্রিম যোগাযোগ করুন 7365052814 নম্বরে।
আমাদের গহনার মজুরী সবার থেকে কম
নিউ পি.সি. জুয়েলার্স এই প্রথমবার বনগাঁতে নিয়ে এসেছে আপনাদের জন্য একটি নতুন সংযোজন 'নিউ পি.সি. রত্নকুবের' যেখানে এক ছাদের তলাতে আপনি সুদক্ষ জ্যোতিষীর দ্বারা ভাগ্য বিচার করে তাদের পরামর্শ মতো সমস্ত Certified গ্রহরত্ন পেয়ে যাবেন। নিউ পি.সি. জুয়েলার্স মানেই সোনা, রুপো, হীরে ও অন্যান্য গ্রহরত্নের বিশাল সম্ভার। নিউ পি.সি. জুয়েলার্স দিচ্ছে হীরে সহ অন্যান্য গ্রহরত্নে ২০% ছাড় ও সার্টিফিকেট। প্রতিটি গ্রহরত্ন ব্যবহারের পরেও ফেরৎ দিলে তার মূল্য পাওয়া যাবে।
বিঃ দ্রঃ—এখানে সমস্ত গ্রহরত্ন পাইকারী বিক্রয়ের সু-ব্যবস্থা আছে।
আমাদের শো-রুম প্রতিদিন খোলা।



আচার্য্যে দণ্ডে গ্রহদোষ খণ্ডে
পশ্চিমবঙ্গ তথা ভারতের আলোড়ন সৃষ্টিকারী ভারতীয় জ্যোতিষ শাস্ত্রের কিংবদন্তি গবেষক
জ্যোতিষ রত্ন শ্রী সঞ্জীব আচার্য্য (স্বর্ণপদক প্রাপ্ত)
M.W.AS (Gold), M.A., M.O.P., M.H.B.T. (Kol)
চেম্বার ঃ (বনগাঁ) গ্রহরাজ জ্যোতিষ কার্য্যালয়
আমলাপাড়া, চম্পক সরণী, বনগাঁ, উত্তর ২৪ পরগণা (শনি মন্দিরে পাশে)
সাক্ষাৎ ঃ প্রতি সোম, মঙ্গল, বুধবার সকাল ১১টা থেকে ২টা এবং বিকাল ৫টা থেকে ৭টা পর্যন্ত।
চেম্বার ঃ (বাগদা) ঃ অজিত দত্ত স্মৃতি ভবন
(দত্ত লজ, দোতলায়), বাগদা, পুরাতন বাজার, বাসস্ট্যাণ্ড, বাগদা রোড, উত্তর ২৪ পরগণা।
সাক্ষাৎ ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা। বুকিং ঃ 9992372644 / 7699295474



HD ভিডিও বিজ্ঞাপন ও ডিজিটাল অডিও প্রচার ক্যাসেট-এর জন্য আসুন
সবিতা এ্যাড় এজেন্সী
M. : 9474743020, 8759741240
২নং রেলগেট, বনগাঁ, উত্তর ২৪ পরগণা।



Arup Kumar Nath
Customs Clearing & Forwarding Agent
: 03215-245 718
9475399888
8768010885
: absenterprise43@gmail.com
absenterprise43@yahoo.com
A.B.S. ENTERPRISE
Hazi Market (1st Floor) ● PETRAPOLE ● BONGAON ● NORTH 24 PARGANAS


Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at Kumar Press at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - 9232633899 / 9647791986 / 7076271952
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in,
**Editor- Utpal Mallick**